## শৈলকুপা উপজেলা পরিষদের আইন-শৃংখলা বিষয়ক স্থায়ী কমিটির ফেব্রুয়ারী/২০২২ মাসের দ্বি-মাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতি ঃ জনাব মোঃ জাহিদুন্নবী কালু
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শৈলকুপা, ঝিনাইদহ।

সভার তারিখ ঃ 27/02/2022 খ্রিঃ।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

সময় ঃ সকাল ১১:০০ ঘটিকা।

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকল সম্মানিত সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় উহা সর্বসম্মতি ক্রমে দৃঢ়ীকরণ করা হয়। সভাপতি মহোদয়ের অনুরোধ ক্রমে সদস্য সচিব, উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা নিম্নে উল্লেখিত আলোচ্যসূচী উপস্থাপন করেন ও সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্য সূচীঃ-**

০১। জানুয়ারী/২০২২ মাসের আইন শৃংখলা বিষয়ক সার্বিক পর্যালোচনা।
০২। ৫ম ধাপে ইউনিয়ন পরিষদ নির্বাচন সংক্রান্ত বিষয়ে আলোচনা।
০৩। মাদক নির্মূল ও পুনর্বাসন এবং যৌতুক প্রথা ও বাল্য বিবাহ সংক্রান্ত আলোচনা।
০৪। অন্যান্য বিষয়ে আলোচনা।

### সিদ্ধান্ত সমূহ

আলোচনা "০১" জানুয়ারী/২০২২ খ্রিঃ মাসের আইন-শৃংখলা বিষয়ক পর্যালোচনাঃ-

সভাপতি মহোদয় বিগত জানুয়ারী/২০২২খ্রিঃ মাসের সার্বিক আইন-শৃংখলা বিষয়ে জানতে চাইলে সভায় উপস্থিত উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, শৈলকুপার সার্বিক আইন-শৃংখলা বিষয়ক চিত্র তুলে ধরেন।

তিনি জানান যে, গত ০৫/০১/২০২২ খ্রিঃ তারিখে শৈলকুপা উপজেলার ১২টি ইউনিয়নে ৫ম ধাপ ইউনিয়ন পরিষদ নির্বাচন অনুষ্ঠিত হয়। উক্ত নির্বাচন অবাধ, সুষ্ঠ ও সুন্দরভাবে অনুষ্ঠীত হওয়ার লক্ষ্যে উপজেলা প্রশাসন শৈলকুপা তৎপর ছিল। এছাড়াও ০৭/০২/২০২২খ্রিঃ তারিখে মনোহরপুর ইউনিয়ন পরিষদ নির্বাচন ও ১০/০২/২০২২খ্রিঃ তারিখে নিত্যানন্দপুর ইউনিয়ন পরিষদ নির্বাচন সুষ্ঠভাবে সম্পন্ন হয়েছে। এ সময়ে উপজেলার আইন-শৃংখলা সার্বিক দিক দিয়ে ভালো ছিল।

মির্জাপুর ইউনিয়নের চেয়ারম্যান মহোদয়ের উদ্ধৃতিতে তার ইউনিয়নের আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। মাদক মোটামুটি নিয়ন্ত্রনে আছে। বড় ধরনের কোন সমস্যা নাই। ধলহরাচন্দ্র ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মহোদয়ের ভাষ্যমতে তার ইউনিয়নের আইন-শৃংখলা পরিস্থিতি ভালো আছে। বাল্য বিবাহ শূন্য পর্যায় নামিয়ে আনার জন্য সরকার যথাযথ পদক্ষেপ নিয়েছেন আর এ সময়ে বাল্যবিবাহের কোন ঘটনা তার ইউনিয়নে ঘটে নাই। এলাকার জনসাধারণ শান্তিতে বসবাস করতে পারছেন। দুধসর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মহোদয় সভায় জানান তার ইউনিয়নের আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। ছোট-খাটো সমস্যা অফিসার ইনচার্জ, শৈলকুপা থানার সাথে আলোচনা/পরামর্শ করে সমাধান করে থাকেন।

সভায় সভাপতি মহোদয় জানান যে, সরকার যৌতুক প্রথা ও বাল্য বিবাহের বিরুদ্ধে যথাযথ পদক্ষেপ নিয়েছেন। তাছাড়া অত্র উপজেলার সার্বিক আইন-শৃংখলা পরিস্থিতি সম্পর্কে তিনি সন্তুষ্টি প্রকাশ করেন। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ জাহিদুন্নবী কালু)
সভাপতি
আইন-শৃংখলা বিষয়ক স্থায়ী কমিটি ও
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, শৈলকুপা, ঝিনাইদহ।

স্মারক নং-৪৪.০৩.৪৪৮০.০০৪.০০০.০৩.২২- ৭৫

তারিখঃ-27/02/2022 খ্রিঃ।

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরন করা হলোঃ

০১। জেলা প্রশাসক, ঝিনাইদহ।
০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শৈলকুপা, ঝিনাইদহ।
০৩। উপজেলা নির্বাহী অফিসার, শৈলকুপা, ঝিনাইদহ।
০৪। জনাব ............................................., চেয়ারম্যান ................................. ইউনিয়ন ও সদস্য, আইন-শৃংখলা বিষয়ক স্থায়ী কমিটি, শৈলকুপা, ঝিনাইদহ।
০৫। অফিস কপি।

27/02/22

(মোঃ হাবিবুর রহমান)
উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা
শৈলকুপা, ঝিনাইদহ।

শৈলকুপা উপজেলা পরিষদের আইন-শৃংখলা বিষয়ক স্থায়ী কমিটির ফেব্রুয়ারি/২০২২ মাসের দ্বি-মাসিক সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা

| ক্রমিক নং | নাম | পদবী | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|
| ০১ | মোঃ জাহিদুন্নবী কালু | সভাপতি | |
| ০২ | মোঃ মতিয়ার রহমান বিশ্বাস | সদস্য | |
| ০৩ | এ্যাড. সালাহ্‌উদ্দিন জোয়ার্দার (মামুন) | সদস্য | |
| ০৪ | মোঃ শাহাবুদ্দিন সাবু | সদস্য | |
| ০৫ | মোঃ হাবিবুর রহমান | সদস্য সচিব | ২৭/০২/২২ |

সভার তারিখঃ ২৭/০২/২০২২ খ্রিঃ।

উপজেলাঃ শৈলকুপা, জেলাঃ ঝিনাইদহ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়
শৈলকুপা, ঝিনাইদহ।

স্মারক নং-৪৪.০৩.৪৪৮০.০০৪.০০০.০৩.২১-১৪ তারিখঃ-২৪/০২/২০২২খ্রিঃ।

# নোটিশ

এতদ্বারা শৈলকুপা উপজেলা পরিষদের আইন-শৃংখলা বিষয়ক স্থায়ী কমিটির সদস্যবৃন্দের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, আগামী ২৭/০২/২০২২ খ্রিঃ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় ফেব্রুয়ারি/২০২২ মাসের দ্বি-মাসিক সভা 'উপজেলা পরিষদ সভাকক্ষে' আহবান করা হয়েছে।

উক্ত কমিটির একজন সম্মানিত সদস্য হিসাবে আপনাকে যথাসময়ে সভায় অংশগ্রহনের জন্য অনুরোধ করা হলো।

২৪/০২/২২
**(মোঃ হাবিবুর রহমান)**
উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা
শৈলকুপা, ঝিনাইদহ।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ-

০১। জেলা প্রশাসক, ঝিনাইদহ।
০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শৈলকুপা, ঝিনাইদহ।
০৩। উপজেলা নির্বাহী অফিসার, শৈলকুপা, ঝিনাইদহ।
০৪। জনাব ............................................, চেয়ারম্যান ........................................ ইউনিয়ন ও সদস্য, আইন-শৃংখলা বিষয়ক স্থায়ী কমিটি, শৈলকুপা, ঝিনাইদহ।
০৫। অফিস কপি।

২৪/০২/২২
**(মোঃ হাবিবুর রহমান)**
উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা
শৈলকুপা, ঝিনাইদহ।